**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 29.05.2026** ` **Desk in Charge : SDG**

**Time: 1-40 PM** **Edit. & Compile.:- NBR**

**DEO: KB** **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী -খবর পড়ছিঃ /

বিশেষ বিশেষ খবরঃ–

১/ রাজ্য সরকারের নির্দেশ মেনে বাংলাদেশি অনুপ্রবেশকারী ও রোহিঙ্গা সন্দেহে ধৃত ব্যক্তিদের রাখার জন্য রাজ্যের ১১টি স্থানে চালু হওয়া বিশেষ 'হোল্ডিং সেন্টার'-এ বর্তমানে ৩৮৬ জন রয়েছেন।

২/ পশ্চিমবঙ্গে জনগণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে, মুখ্যমন্ত্রীর পৌরোহিত্যে আজ শুরু হচ্ছে, 'প্রিন্সিপাল সেন্সাস অফিসার্স কনফারেন্স'।

৩/ ২০২১ সালের বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসায় উষ্কানি দেওয়ার অভিযোগে দায়ের হওয়া মামলায় কলকাতা হাইকোর্ট, অভিনেতা পরমব্রত চট্টোপাধ্যায়কে অন্তর্বর্তী রক্ষাকবচ দিয়েছে।

৪/ প্রাথমিক শিক্ষকদের টেট পাশ করা বাধ্যতামূলক বলে, সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে।

৫/ প্রয়াত চলচ্চিত্র পরিচালক অনীক দত্তের শেষকৃত্য আর কিছুক্ষণের মধ্যেই কেওড়াতলা মহাশ্মশানে সম্পন্ন হতে চলেছে।

৬/ উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ থেকে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে। #অন্যদিকে দক্ষিণবঙ্গে আগামীকাল পর্যন্ত ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

*******************************************************************

রাজ্য সরকারের নির্দেশ মেনে বাংলাদেশি অনুপ্রবেশকারী ও রোহিঙ্গা সন্দেহে ধৃত ব্যক্তিদের রাখার জন্য রাজ্যের ১১টি স্থানে চালু করা হয়েছে বিশেষ 'হোল্ডিং সেন্টার'। রাজ্য পুলিশের বিভিন্ন ইউনিটের তত্ত্বাবধানে পরিচালিত এই কেন্দ্রগুলিতে বর্তমানে মোট ৩৮৬ জনকে রাখা হয়েছে। সরকারি নথি অনুযায়ী, উত্তর ২৪ পরগনার বসিরহাট পুলিশ জেলার অধীন তিনটি শিবিরে সবচেয়ে বেশি সংখ্যক আটক রয়েছেন। সেখানে থাকা অনুপ্রবেশকারীর সংখ্যা সাড়ে তিনশোর কাছাকাছি।

হাকিমপুর চেকপোস্ট উপস্থিত ৩০-৩৫ জন অনুপ্রবেশকারীকে আজ 'হোল্ডিং সেন্টার'-এ নিয়ে যাওয়া হবে। বিএসএফ সূত্রে জানা গেছে, তিন দিন আগে ৩০ জনকে বাংলাদেশে ফেরত পাঠানো হয়। তারপর থেকে এখনও পর্যন্ত কাউকে পুশ ব্যাক করা হয়নি। 'হোল্ডিং সেন্টার'-এ থাকা ব্যক্তিদের খুব শীঘ্রই নিজেদের দেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু হবে। হাকিমপুর চেক পোস্টের সামনে থাকা এক অনুপ্রবেশকারী জানিয়েছেন, আট দশ বছর আগে তিনি ভারতে প্রবেশ করেছিলেন।

( বাইট- অনুপ্রবেশকারী )

উল্লেখ্য, কেন্দ্রীয় নির্দেশিকা অনুসারে বিদেশি নাগরিক বা পরিচয় নিয়ে সন্দেহ রয়েছে এমন ব্যক্তিদের চিহ্নিত করার পর তাঁদের নির্দিষ্ট হোল্ডিং সেন্টারে রাখা হচ্ছে। পরবর্তী পর্যায়ে নাগরিকত্ব ও পরিচয় যাচাইয়ের কাজ সম্পন্ন করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

হোল্ডিং সেন্টারগুলিতে থাকা ব্যক্তিদের খাদ্য, চিকিৎসা এবং মৌলিক পরিষেবার ব্যবস্থা রাখা হয়েছে। পরিচয় যাচাই এবং আইনি প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

******************************

পশ্চিমবঙ্গে বিজেপি সরকার ক্ষমতায় আসার পরে অনুপ্রবেশ রোধে যেসকল ব্যবস্থা নিয়েছে, তার ভূয়সী প্রশংসা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ। গুজরাটের গান্ধীনগরে এক জনসভায় গতকাল তিনি বলেন, ক্ষমতায় আসার সাত দিনের মধ্যে সীমান্তে বেড়া দেওয়ার জন্য BSF-কে প্রয়োজনীয় জমি তুলে দেওয়ার কাজ করা হয়েছে।

শ্রী শাহ বলেন, অনুপ্রবেশকারীরা যদি নিজে থেকেই ভারত ছেড়ে যান, তাহলে তাদের বিরুদ্ধে কোনো আইনী ব্যবস্থা নেওয়া হবে না। আগামী দিনে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করার কাজ আরও গতি পাবে বলে আশা প্রকাশ করেন তিনি। ( বাইট- অমিত শাহ )

*****************************

সুপ্রিম কোর্ট, দেশের সব হাইকোর্টকে নির্দেশ দিয়েছে, রায়দান স্থগিত রাখার তিনমাসের মধ্যেই রায় ঘোষণা করতে হবে। রায়দানের দেরী হলে, মাললাকারীদের প্রভূত ক্ষতি হয়- একথা উল্লেখ করে সর্বোচ্চ আদালত জোর দিয়ে বলেছে, মামলায় দ্রুত সিদ্ধান্ত নেওয়া অত্যন্ত প্রয়োজন।

প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ আরো বলেছেন, জামিনের আবেদনের ক্ষেত্রে রায়দান সেদিন'ই দিতে হবে। স্থগিত রাখলেও পরদিন তা' ঘোষণা করতে হবে।

*****************************

২০২১ সালের বিধানসভা নির্বাচন পরবর্তী হিংসায় উষ্কানি দেওয়ার অভিযোগে দায়ের হওয়া মামলায় কলকাতা হাইকোর্ট, অভিনেতা পরমব্রত চট্টোপাধ্যায়কে অন্তর্বর্তী রক্ষাকবচ দিয়েছে। বিচারপতি অজয় কুমার মুখোপাধ্যায় আজ এক নির্দেশে জানিয়েছেন, আগামী চার সপ্তাহ অভিনেতার বিরুদ্ধে কোনো কড়া পদক্ষেপ নেওয়া যাবে না। তবে এ সংক্রান্ত তদন্ত চালিয়ে যাবে পুলিশ। পরমব্রতকে তদন্তে সহযোগিতা করতে হবে বলে তিনি জানান। বিচারপতি বলেন, পরবর্তী শুনানির দিন তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট আদালতে পেশ করবে রাজ্য। এরপরই পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

উল্লেখ্য ২০২১ সালের দোসরা মে বিধানসভা ভোটের ফল প্রকাশের পর সমাজমাধ্যমে পরমব্রত-র বিতর্কিত মন্তব্যের বিরুদ্ধে গত বৃহস্পতিবার ২১ শে মে গড়িয়াহাট থানায় অভিযোগ দায়ের হয়। ঐ মন্তব্যকে উষ্কানিমূলক বলে দাবি করা

হয়েছে। এর প্রেক্ষিতে অভিনেতার আইনজীবী আজ আদালতে জানান, পাঁচ বছর পর দায়ের হওয়া এই অভিযোগের কোনো ভিত্তি নেই।

এদিকে, সমাজ মাধ্যমে ঐ পোস্টে কমেন্ট করার দায়ে অভিনেত্রী স্বস্তিকা মুখোপাধ্যায়কেও থানায় তলব করা হয়। ইতোমধ্যেই তিনি হাজিরা দিয়েছেন।

****************************

উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জ থানার পুলিশ গতকাল গভীর রাতে কাটাখালি এলাকায় হাসনাবাদ ব্লক পঞ্চায়েত সমিতির তৃণমূল কংগ্রেস সভাপতি আমিরুল ইসলামের ইটভাটায় আকস্মিক অভিযান চালায়। সেখান থেকে মৎস্য চাষীদের জন্য বরাদ্দ পশ্চিমবঙ্গ সরকারের ১৬০ বস্তা মাছের খাদ্য এবং প্রায় ৫০টি সরকারি ত্রিপল উদ্ধার করা হয়। সরকারি ত্রাণের সামগ্রী এভাবে বেআইনিভাবে মজুত রাখার ঘটনায় এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

****************************

মালদার হরিশচন্দ্রপুর সদরে বিজেপির উত্তর মালদার সাংগঠনিক জেলা সাধারণ সম্পাদক রূপেশ আগারওয়ালের ওপর নৃশংস হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। জানা গেছে, সরকার পরিবর্তনের পর তৃণমূল কংগ্রেস কর্মীদের বিজেপিতে ঢোকাতে বাধা দিচ্ছিলেন রূপেশ। সেই কারণেই এই হামলা বলে দলের তরফে দাবি করা হয়। আশঙ্কাজনক অবস্থায় তিনি হরিশচন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে চিকিৎসাধীন। অভিযুক্তরা পলাতক।

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৪-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও

দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।

*****************************

প্রাথমিক শিক্ষকদের টেট পাশ করা বাধ্যতামূলক বলে, সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে। এই সংক্রান্ত মামলার রায় পুনর্বিবেচনার আবেদনে আজ দুই বিচারপতি দীপঙ্কর দত্ত ও মনমোহনের বেঞ্চ আগের নির্দেশের সামান্য সংশোধন করায় , এ রাজ্য সহ দেশের অন্যান্য প্রান্তে কর্মরত প্রাথমিক শিক্ষকদের সামান্য স্বস্তি হলেও পুরোপুরি সুরাহা মিললো না ।

শীর্ষ আদালত এদিন নির্দেশে জানিয়েছে,কর্মরত প্রাথমিক শিক্ষক দের ২০২৮ সালের ৩১ অগাস্টের মধ্যে টেট উত্তীর্ণ হতে হবে। এর আগে ২০২৫ সালের ১ লা সেপ্টেম্বর আদালত নির্দেশ দিয়েছিল, ২ বছরের মধ্যে সমস্ত প্রাথমিক শিক্ষক যারা টেট পাশ করেননি তাদের বাধ্যতামূলক ভাবে টেট উত্তীর্ণ হতে হবে। নাহলে তাদের চাকরি থেকে স্বেচ্ছাবসর নিতে হবে। অবসরকালীন সুযোগ সুবিধা তারা পাবেন । পাশাপাশি যে সমস্ত শিক্ষকদের চাকরির মেয়াদ ৫ বছরের কম রয়েছে তাদের এই পরীক্ষায় উত্তীর্ণ হতে হবেনা। ফলে বিপদে পড়ে যান দেশের প্রায় ৩৩ লক্ষাধিক কর্মরত প্রাথমিক শিক্ষক। এরপরই তারা শীর্ষ আদালতের কাছে আবেদন জানান। মূল রায়ে যে সময়কাল ছিল, তার থেকে এক বছর মেয়াদ বাড়ানো হল।

*****************************

প্রয়াত চলচ্চিত্র পরিচালক অনীক দত্তের শেষকৃত্য আর কিছুক্ষণের মধ্যেই কেওড়াতলা মহাশ্মশানে সম্পন্ন হতে চলেছে।

আজ সকালে পিস ওয়ার্ল্ড থেকে তাঁর মরদেহ প্রথমে নন্দনে নিয়ে আসা হয়। সেখানে বহু বিশিষ্ট মানুষ ফুল মালা দিয়ে শেষ শ্রদ্ধা জানান। উপস্থিত ছিলেন, রুদ্রনীল ঘোষ, পাপিয়া অধিকারী, লকেট চট্টোপাধ্যায়, অঞ্জন দত্ত সহ বহু শিল্পী। তাঁর অনুরাগী সাধারণ মানুষও সেখানে শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন। এরপরই তিনি যেখানে সব থেকে বেশি কাজ করেছেন টালিগঞ্জের সেই NT-ওয়ান স্টুডিওতে তার মরদেহ নিয়ে যাওয়া হয়। সেখানে বিনোদন শিল্পের সঙ্গে জড়িত অভিনেতা, অভিনেত্রী পরিচালক প্রযোজক কলাকুশলীরা তাঁকে শেষ শ্রদ্ধা জানান। উপস্থিত ছিলেন, বিশিষ্ট পরিচালক গৌতম ঘোষ, হরনাথ চক্রবর্তী, সৃজিত মুখার্জি, অভিনেত্রী রূপা গাঙ্গুলী সহ অন্যরা। অনীক দত্তের অন্যতম বিখ্যাত ছবি 'অপরাজিত'-তে মুখ্য ভূমিকায় অভিনয় করা জিতু কমল, শেষ সিনেমা 'যত কাণ্ড কলকাতাতেই' এর অভিনেতা আবির চট্টোপাধ্যায় এছাড়াও বহু অভিনেতা-অভিনেত্রী এবং কলা কুশলী তাঁকে শেষ শ্রদ্ধা জানান। উপস্থিত হন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু এবং শতরূপ ঘোষ'ও ।
এরপরই কেওড়াতলা মহাশ্মশানে তার মরদেহ নিয়ে যাওয়া হয়েছে।

******************************

পূর্ব মেদিনীপুরের তেখালি বাজারে গতরাতে আগুন লেগে বেশ কয়েকটি দোকান ভস্মীভূত হয়েছে। হলদিয়া থেকে দমকলের ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে বেশ কয়েক লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।

******************************

শ্রমিক সংগঠন AICCTU অবিলম্বে রাজ্যের বিভিন্ন জায়গায় হকার উচ্ছেদ অভিযান বন্ধ করার দাবি জানিয়েছে। সংগঠনের রাজ্য সম্পাদক দিবাকর ভট্টাচার্য গতকাল এক বিবৃতিতে জাতীয় হকার আইন ২০১৪ চালু, সকল ট্রেড ইউনিয়ন প্রতিনিধিদের নিয়ে ভেন্ডিং কমিটির মাধ্যমে সার্ভে করে হকারদের পরিচয় পত্র, লাইসেন্স এবং অন্যান্য সুবিধা চালু করার দাবী জানান। একই সঙ্গে পুনর্বাসন ছাড়া ফুটপাত, চলন্ত ট্রেন, স্টেশন, মঙ্গলাহাট সহ বিভিন্ন হাট থেকে হকার ও ছোট ব্যাবসায়ীদের উচ্ছেদ বন্ধের দাবি জানানো হয়েছে।

****************************

উত্তরবঙ্গের জেলাগুলিতে আজ থেকে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে।

অন্যদিকে দক্ষিণবঙ্গে আগামীকাল পর্যন্ত ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। সমুদ্র উত্তাল থাকার কারণে মৎসজীবিদের আজ সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। আগামী দু-এক দিন সর্বনিম্ন তাপমাত্রাও কিছুটা কমবে বলে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডক্টর সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

এদিকে, আজ পূর্ব বর্ধমানে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে। বজ্রবিদ্যুত সহ বৃষ্টি হতে পারে, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম এবং পূর্ব মেদিনীপুর জেলায়।

ইতমধ্যেই পুরুলিয়া এবং বাঁকুড়ায় তুমুল বৃষ্টি শুরু হয়েছে। স্বস্তি মিলেছে অস্বস্তিকর দাবদাহের হাত থেকে। কলকাতা সহ সংলগ্ন এলাকাতেও, আকাশ মেঘলা।

****************************

পদ্মশ্রী সম্মানপ্রাপ্ত বিশিষ্ট সারিন্দা বাদক মঙ্গলাকান্ত রায় প্রয়াত। আজ ভোরে জলপাইগুড়ির ময়নাগুড়ি ব্লকের আমগুড়ি গ্রাম পঞ্চায়েতের ধওয়ালগুড়ি গ্রামে নিজের বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। তাঁর প্রয়াণে শোকের ছায়া নেমে এসেছে।

২০২৩ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হন তিনি।

*********************************************************************